

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮২৮

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৪. মুস্তাহাযাহ (রক্ত প্রদরের রোগিণী)-এর গোসল সম্পর্কে

بَابٌ فِي غُسْلِ الْمُسْتَحَاضَةِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ عُثْمَانَ بْنِ الْأَسْوَدِ عَنْ مُجَاهِدٍ فِي الْمُسْتَحَاضَةِ إِذَا خَلَفَتْ قُرُوءَهَا فَإِذَا كَانَ عِنْدَ الْعَصْرِ تَوَضَّأَتْ وُضُوءًا سَابِغًا ثُمَّ لِتَأْخُذْ ثَوْبًا فَلْتَسْتَثْفِرْ بِهِ ثُمَّ لِتُصْلِ الظُّهْرَ وَالْعِصْرَ جَمِيعًا ثُمَّ لِتَفْعَلْ مِثْلَ ذَلِكَ ثُمَّ لِتُصلِ الْمَغْرِبَ وَالْعِشَاءَ جَمِيعًا ثُمَّ لِتَفْعَلْ مِثْلَ ذَلِكَ ثُمَّ لِتُصلِ الْمَغْرِبَ وَالْعِشَاءَ جَمِيعًا ثُمَّ لِتَفْعَلْ مِثْلَ ذَلِكَ ثُمَّ لِتُصلِ الْمَغْرِبَ وَالْعِشَاء جَمِيعًا ثُمَّ لِتَفْعَلْ مِثْلَ ذَلِكَ ثُمَّ لِتَفْعَلْ مِثْلَ ذَلِكَ ثُمَّ لِتَفْعَلْ مِثْلَ ذَلِكَ ثُمَّ لَصلي الصَّبْحَ

إسناده صحيح إلى مجاهد

বাংলা

৮২৮. মুজাহিদ রাহি. হতে ইসতিহাযাগ্রস্ত মহিলা সম্পর্কে বর্ণিত হয়েছে যে, যদি তার (হায়েযের) নির্ধারিত দিনসমূহ (কুরু') পরিবর্তন হয়ে যায়, আর তা যদি আসর সালাতের কাছাকাছি সময়ে হয়, তবে সে পরিপূর্ণরূপে ওয়ু করবে, অতঃপর কাপড় নিয়ে তা দ্বারা (তার গোপনাঙ্গে) পট্টি বাধবে। তারপর সে যুহর ও আসর সালাত একত্রে আদায় করবে। এরপর সে অনুরূপ কাজগুলো করবে, তারপর মাগরিব ও ঈশা'র সালাত একত্রে আদায় করবে। এরপর সে পুনরায় অনুরূপ কাজগুলো করে ফজরের সালাত আদায় করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ মুজাহিদ পর্যন্ত সহীহ।

তাখরীজ: এ স্থান ব্যতীত এটি আমি আর কোথাও পাইনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন